



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

অফিস আদেশ

নং-১৫২৫

তারিখ : ০১/০৮/২০১৮

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা, ২০১৮।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫ তারিখ : ১২/০৬/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ গত ২৬.০৫.২০১৮ তারিখে কতিপয় শর্ত ও পর্যবেক্ষণের আলোকে প্রস্তাবিত “বেসকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল এন্ড কলেজ ও কলেজ) এর জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা, ২০১৮” এ সম্মতি জ্ঞাপন করেছে। অত্র নীতিমালার দফা নং ১১.৬ অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না। প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ এর জন্য “বেসকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল এন্ড কলেজ ও কলেজ) এর জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা, ২০১৮” এর দফা-১৩ অনুসরণ করতে হবে। বর্ণিত আদেশ বলে ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ার পরে যারা বিভিন্ন বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে (স্কুল এন্ড কলেজ ও কলেজ) পুনঃনিয়োগ / চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত আছেন, তাদের নিয়োগ নীতিমালা প্রকাশের তারিখ থেকে বাতিল করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

০১/০৮/১৮

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ফোন : ৮৬২৫৭৩৪ (অ)।